কৃষিই সমৃদ্ধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা কৃষি অফিসারের কার্যালয়**
**কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।**
**www.dae.kurigramsadar.gov.bd**

## কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক কৃষকদের জন্য প্রদত্ত সেবাসমূহঃ

১। সকল শ্রেণীর কৃষকের জন্য সম্প্রসারণ সেবা নিশ্চিত করা।
২। ফসলের উৎপাদন বৃদ্ধির জন্য কৃষির আধুনিক প্রযুক্তি সমূহ কৃষকের দোরগোড়ায় পৌঁছে দেয়া।
৩। কৃষকদের মাঝে বীজ এবং সার বিতরণ নিশ্চিত করা।
৪। ভিজিট সিডিউল অনুসারে মাঠ পরিদর্শন, কৃষকের সমস্যা চিহ্নিতকরণ ও সমাধান দেয়া।
৫। জৈব ও রাসায়নিক সারের সুষম ব্যবহারের মাধ্যমে মাটির স্বাস্থ্য ও উৎপাদনশীলতা বৃদ্ধি করা।
৬। ফসলের বালাই দমনে পরামর্শ প্রদান করা।
৭। কৃষকের মাঠে নতুন ফসল, নতুন জাত ও নতুন প্রযুক্তি সম্প্রসারণে প্রদর্শনী স্থাপন ও মাঠ দিবসের আয়োজন করা।
৮। বিভিন্ন কৃষি প্রযুক্তি বিষয়ে কৃষকদের প্রশিক্ষণ প্রদান।
৯। বিভিন্ন প্রকার সম্প্রসারণ পদ্ধতির মাধ্যমে কৃষকের মাঝে সচেতনতা তৈরী করা।
১০। ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে সরকারী প্রণোদনা/ পুর্নবাসনে কৃষি উপকরণ নিশ্চিত করা।
১১। ফসলের মানসম্মত বীজ উৎপাদন ও সংরক্ষণে কৃষকদের সহায়তা করা।
১২। জৈব সার ও জৈব বালাইনাশক ব্যবহারের মাধ্যমে নিরাপদ খাদ্য উৎপাদনে কৃষকদের সহায়তা প্রদান।
১৩। কৃষি পণ্য বিপণনে ক্রেতা ও কৃষকের মাঝে সংযোগ স্থাপনে সহায়তা করা।
১৪। সরকারী ভর্তুকিতে কৃষি যন্ত্রপাতি ব্যবহারের মাধ্যমে ফসলের উৎপাদন খরচ কমাতে সহায়তা করা।
১৫। ফসলের বৈচিত্র্য আনয়নে এবং শস্যবিন্যাস উন্নতকরণে সহায়তা করা।
১৬। দেশে উৎপাদিত অপর্যাপ্ত খাদ্যশস্যের (ডাল,তেল, মশলা) উৎপাদন বৃদ্ধি করা।
১৭। ব্যাংক কর্তৃক প্রদত্ত কৃষি ঋণ গ্রহণে কৃষকদের সহায়তা করা।
১৮। জাতীয় পর্যায়ে সিদ্ধান্ত গ্রহনে কৃষকদের ডাটাবেজ তৈরী করা।
১৯। পুষ্টি উন্নয়নে বসত ভিটায় ও ছাদে সবজি ও ফল বাগানে সৃজনে সহায়তা করা।
২০। মোবাইল অথবা টেলিফোনের মাধ্যমে কৃষককে ডিজিটাল সেবা প্রদান করা।
২১। লিফলেট, বুকলেট, মাঠদিবস ও মাঠ পরিদর্শনের মাধ্যমে কৃষকদের প্রশিক্ষণ দেয়া।
২২। উচ্চমূল্যের ফসল উৎপাদনে কৃষকদের সহায়তা করা।
২৩। বানিজ্যিক ফল ও সবজি উৎপাদনে কৃষকদের উৎসাহিত করা।
২৪। নিজস্ব সম্পদের সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে কৃষকের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে সহায়তা করা।
২৫। আইপিএম, আইসিএম এবং অন্যান্য পদ্ধতি ব্যবহার করে পরিবেশ বান্ধব কৃষি উৎপাদনে সহায়তা করা।
২৬। কৃষি উপকরণ (সার,বীজ, বালাইনাশক ও চারাকলম) আমদানী ও বিপণনের লাইসেন্স প্রদান।
২৭। বালাইনাশক, সার ও বীজ ডিলারের দোকান পরিদর্শনের মাধ্যমে ভেজাল কৃষি উপকরণ বিক্রয় রোধ করা।
২৮। সরকারী ও বেসরকারী সংস্থার সাথে কৃষি উৎপাদনে আন্তঃসমন্বয় করা।

০৫/০৫/২৫
মোছাঃ নাহিদা [illegible]রীন
উপজেলা কৃষি অফিসার
কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।